

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮১

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ দু'আর সময় দুই আঙ্গুলের মাধ্যমে ইশারা করার ব্যাপারে সতর্কীকরণ

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْإِشَارَةِ فِي الدُّعَاءِ بِالْأُصْبُعَيْن

আরবী

881 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بُنِ أَبَانَ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاتٍ عَنْ هِشَامٍ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ بْنِ أَبَانَ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاتٍ عَنْ هِشَامٍ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْصَرَ رَجُلًا يَدْعُو بِأُصِبُعَيْهِ جَمِيعًا فَنَهَاهُ وَقَالَ بإحداهما باليمنى.

الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 881 | خلاصة حكم المحدث:. صحيح ـ

قَالَ أَبُو حَاتِمٍ: أَضْمَرَ فِيهِ أَنَّ الْإِشَارَةَ بِالْأُصْبُعَيْنِ لِيَكُونَ إِلَى الِاثْنَيْنِ وَالْقَوْمُ عَهْدُهُمْ كَانَ قَالِ أَبُو حَاتِمٍ: أَضْمَرَ فِيهِ أَنَّ الْإِشَارَةَ بِالْأُصْبُعِ وَاحِدٍ. قَرِيبًا بِعِبَادَةِ الْأَصْنُامِ وَالْإِشْرَاكِ بِاللَّهِ فَمِنْ أَجْلِهِمَا أَمَرَ بِالْإِشَارَةِ بِأُصْبُعٍ وَاحِدٍ.

বাংলা

৮৮১. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে তার দুই আঙ্গুল দিয়ে ইশারা করে দু'আ করতে দেখলেন। ফলে তিনি তাকে নিষেধ করলেন এবং তিনি তাকে এক আঙ্গুল দিয়ে তথা ডান আঙ্গুল দিয়ে ইশারা করে দু'আ করতে বললেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এখানে এই কথাটি উহ্য রয়েছে যে, দুই আঙ্গুলির মাধ্যমে দুইটি জিনিসের প্রতি ইশারা করা হয়। আর এসময় লোকজন মূর্তিপুজা ও আল্লাহর সাথে শিরকের কাছাকাছি সময়ে ছিল। এজন্য তিনি এক আঙ্গুলের মাধ্যমে ইশারা করার নির্দেশ দিয়েছেন।"

ফুটনোট



[1] তিরমিযী: ৩৫৫৭; নাসাঈ: ৩/৩৮; হাকিম: ১/৫৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৮১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন